

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৮৯০০.০৪২.১৪.০১৬.১৭. ২৬৩৪

অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ১৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে শেরপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন সংক্রান্ত।

সূত্রঃ শেরপুর জেলা পরিষদের স্মারক নং-জেপশে/প্রকৌ-শা:/উন্নয়ন/২০১৭-২০১৮/১৫৩, তারিখঃ ১৬/১১/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে শেরপুর জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত ২৫৮টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-৮ ও ৯৫ এ বর্ণিত প্রকল্প ২টি ব্যতীত ৫,৪৪,৫০,০০০/- (পাঁচ কোটি চুয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় ২৫৬টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প অথবা প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, শেরপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ২) পিপিআর ২০০৮- এর এসংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণ করে প্রকল্পটি বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তার উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ শেরপুর এর সৌজন্য/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৫,৫০,০০০/- (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকার গৃহীত প্রকল্প তালিকা ক্রমিক নং-৮ ও ৯৫ এ বর্ণিত প্রকল্প ২টি যথাক্রমে পুলিশ ফাড়ির কক্ষের সিলিং এবং আসবাবপত্র ক্রয় ও মাটি ভরাট সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ শহীদুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, শেরপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।